বাংলাদেশ জেলা ও বিভাগীয় ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশনের যুগ্ম আহ্বায়ক হলেন মারুফ আহমেদ বিজন

বিএনপি-সমর্থিত ক্রীড়া সংগঠকদের সমন্বয়ে গঠিত নতুন ক্রীড়া সংগঠন ‘বাংলাদেশ জেলা ও বিভাগীয় ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশন’-এর অ্যাডহক কমিটির যুগ্ম আহ্বায়ক নির্বাচিত হয়েছেন মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

শনিবার (৩ মে) ৪৪ সদস্যবিশিষ্ট অ্যাডহক কমিটি গঠন করা হয়। এ উপলক্ষে জাতীয় ক্রীড়া পরিষদের অডিটোরিয়ামে অ্যাসোসিয়েশনের আত্মপ্রকাশ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও সাবেক তারকা ফুটবলার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাবেক অধিনায়ক মো. আমিনুল হক।

ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে গণমাধ্যমে পাঠানো এক বার্তায় জানানো হয়, দেশের ক্রীড়াঙ্গনকে বাঁচাতে তারেক রহমানের নির্দেশে বিভিন্ন টুর্নামেন্টের আয়োজন করছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল।

এই উদ্দেশ্যেই জেলা ও বিভাগীয় ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশনের আত্মপ্রকাশ ঘটেছে। বিএনপি ক্ষমতায় এলে দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রশিক্ষিত কোচ নিয়োগ এবং সরকারি ব্যবস্থাপনায় ক্রীড়া কর্মসংস্থান গড়ে তোলা হবে।

বার্তায় আরও বলা হয়, আগামী এক মাসের মধ্যে অ্যাসোসিয়েশনের বিভাগীয় কমিটি গঠন করা হবে এবং পর্যায়ক্রমে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কমিটি গঠন করে ক্রীড়া উন্নয়নে কাজ করবে সংগঠনটি। সকলে মিলে তারেক রহমানের স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যেই এগিয়ে যাবে অ্যাসোসিয়েশন।

পিআইডি প্রতিনিধি দলের মেহেরপুর প্রতিদিন কার্যালয় পরিদর্শন

১ মে, বৃহস্পতিবার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রেস ইনফরমেশন ডিপার্টমেন্ট (পিআইডি) এর উপপ্রধান তথ্য অফিসার (পরিচালক) হাসিনা আক্তারের নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধি দল মেহেরপুর প্রতিদিন অনলাইন ও পত্রিকা কার্যালয় পরিদর্শন করেন।

পরিদর্শনকালে তিনি মেহেরপুর প্রতিদিন এর অনলাইন বিভাগ ও পত্রিকার কার্যক্রম দেখে ভূয়সী প্রশংসা করেন।

প্রতিনিধি দলে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, পিআইডির তথ্য সহকারী মাহমুদা খানম এবং লাইব্রেরিয়ান ইউসুফ আলম।

প্রতিনিধিদল কার্যালয়ে পৌঁছালে মেহেরপুর প্রতিদিন এর সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন এবং আইটি ইনচার্জ মুন্সী জাহাঙ্গীর জিন্নাত হিরক তাঁদের আন্তরিকভাবে স্বাগত জানান।

পরবর্তীতে প্রতিনিধি দলটি মেহেরপুর প্রতিদিন এর নিউজরুম, স্টুডিওসহ পুরো অফিসের কার্যক্রম ঘুরে দেখেন।

মেহেরপুর জেলার ছেলের সেরা

অর্জন, প্রধান উপদেষ্টার কাছে পেলেন পুরস্কার

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের কৃতি সন্তান সাংবাদিক ইয়াসির আরাফাত আবারও বাংলাদেশের সেরা সাংবাদিক নির্বাচিত হয়েছেন।

মহান মে দিবসে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এর কাছ থেকে সেরা পুরস্কার অর্জন করলেন তিনি।

শ্রম অধিকার নিয়ে প্রতিবেদন লিখে সাংবাদিক ইয়াসির আরাফাত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আয়োজিত বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ডে ভূষিত হন। ইয়াসির আরাফাত রিপন জাগো নিউজের জ্যেষ্ঠ প্রতিবেদক হিসেবে কর্মরত।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে মেহেরপুর জেলার এই কৃতি সাংবাদিকের হাতে পুরস্কার তুলে দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

‘মহান মে দিবস ও জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস ২০২৫’ উদযাপন উপলক্ষে এই পুরস্কার দেওয়ার উদ্যোগ নেয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

দেশে পোশাক কারখানার পরিবেশ নিয়ে প্রতিবেদন করে পুরস্কার পেয়েছেন ইয়াসির আরাফাত রিপন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম শাখাওয়াত হোসেন। সভাপতিত্ব করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম শফিকুজ্জামান।

মেহেরপুর জেলার সন্তান ও জাগো নিউজের জ্যেষ্ঠ প্রতিবেদক ইয়াসির আরাফাত রিপন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেছেন। দীর্ঘদিন ধরে তিনি অর্থনৈতিক বিটে কাজ করছেন। সাংগঠনিকভাবে তিনি ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ), ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে) এবং বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) স্থায়ী সদস্য।

শ্রমিক অধিকার সংক্রান্ত ছবি তুলে সেরা চিত্রগ্রাহকের পুরস্কার পেয়েছেন জাগো নিউজের নিজস্ব ফটো সাংবাদিক মাহবুব আলম। ওয়াসার ড্রেন পরিষ্কার করার শ্রমিকদের ছবি তুলে পুরস্কার পেয়েছেন তিনি।

কুষ্টিয়ায় নিখোঁজ তিন নারী ও শিশু ঢাকার বাড্ডা থেকে উদ্ধার

কুষ্টিয়ার মিরপুর থেকে তিন নারী ও এক শিশু নিখোঁজের একদিন পর তাদেরকে রাজধানীর বাড্ডা থেকে উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার রাজধানীর বাড্ডা এলাকায় একটি বাসায় অভিযান চালিয়ে তাদেরকে উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত ব্যক্তিরা হলেন উপজেলার তালবাড়িয়া পশ্চিম রানাখড়িয়া এলাকার আবুদর রাজ্জাকের মেয়ে আফরোজা খাতুন (১৬), মো. রানার মেয়ে অথৈই খাতুন (১৭), মো. আরিফুল ইসলামের মেয়ে আনিকা খাতুন
(২১) ও তার নাতি ছেলে মো. আনাছ (১৯ মাস)।

মিরপুর থানা সূত্রে জানা যায়, মিরপুর থানার পুলিশ পরিদর্শক তদন্ত আব্দুল আজিজ ও এসআই শরিফুল ইসলাম সঙ্গীয় ফোর্স তথ্য প্রযুক্তি সহায়তায় রাজধানীর বাড্ডা এলাকার একটি বাসা থেকে তাদের উদ্ধার করে। এসময় তাদের জিজ্ঞাসাবাদে জানা যায়, তারা পরিবারের অবহেলার স্বীকার এবং নিজেরা আয়-রোজগার করে স্বাবলম্বী হওয়ার আশায় পরিবারের সদস্যদের সেভেন-আপ এর মধ্যে ঘুমের ওষুধ খাইয়ে বাড়ি থেকে পালিয়েছিলেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম বলেন, সোমবার অভিযোগ পাওয়ার সাথে সাথে আমরা কাজ শুরু করি। অতঃপর মিরপুর থানার চৌকস একটি অভিযানিক দল রাজধানীর মধ্য বাড্ডা থেকে তাদের উদ্ধার করে। আইনগত প্রক্রিয়া শেষে তাদের পরিবারের নিকট হস্তান্তর করা হবে।

উল্লেখ্য, রবিবার (২০ এপ্রিল) দিবাগত রাতে সেভেন-আপের মধ্যে

চেতনানাশক খাইয়ে একই পরিবারের তিন নারীসহ শিশু নিখোঁজের ঘটনা ঘটেছিল।

১৭ এপ্রিল ঐতিহাসিক যে সরকার শপথ গ্রহণ করেছিল তা আমাদের জন্য বীরত্বগাথা অধ্যায়

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক-ই আজম বীর প্রতীক বলেছেন, ১৯৭১ সালের ১৭ এপ্রিল এই আম্রকাননে ঐতিহাসিক যে সরকার শপথ গ্রহণ করেছিল তা আমাদের জন্য বীরত্বগাথা অধ্যায়। আমরা গতকালে ফিরে যেতে পারব না। ইতিহাসের উপর কোন কিছু আরোপ করা যায় না। এখানে যে সরকার গঠন করা হয়েছিল সেই বিষয়টি অমলিন হয়ে থাকবে।

ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন উপলক্ষে আজ ১৭ এপ্রিল বৃহস্পতিবার সকালে সূর্যদয়ের সময় মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসকল কথা বলেন।

তিনি বলেন, অস্থায়ী সরকারের শপথ গ্রহন জাতীর জন্য একটা গৌরব উজ্জল অধ্যায়। এটা অমলিন থাক। আমরা যেন এটাকে সারাজীবন বরণ এবং উদযাপন করতে পারি। এটা মেহেরপুর, বৈদ্যনাথতলা এবং এই অঞ্চলকে ধন্য করেছে। যারা সত্যিকারের মুক্তিযোদ্ধা আছে তারা প্রতিনিয়তই এটাতে বিব্রতবোধ করেন। যারা মুক্তিযুদ্ধ না করেও নিজেদেরকে মুক্তিযোদ্ধা হিসাবে পরিচিত করাচ্ছেন তাদের ক্ষেত্রে অনেক উদ্যেগ আমরা ইতিমধ্যে গ্রহন করেছি। কিছু বিষয় আছে, যে বিষয়গুলো আদালতের রায়ের অপেক্ষায় আছি আমরা। আদালতে অনেকেগুলো মামলা আছে। আমরা চেষ্টা করছি মামলাগুলো নিষ্পত্তি করা। মুক্তিযুদ্ধের স্মৃতি কমপ্লেক্স এর উন্নয়নের বিষয়ে আরও বলেন, এখানে যা কিছু করা হবে তা ঐতিহাসিক বস্তুনিষ্ঠতার নিরিখেই করা হবে। এর বাইরে কোন কিছু আরোপিত করা হবে না। কোন কিছুর সত্যতার ইতিহাস মোচনও হবে না।

ঐতিহাসিক ১৭ এপ্রিলের প্রথম সরকারের শপথ অনুষ্ঠানটি পালন উপলক্ষে

বৃহস্পতিবার সূর্যোদয়ের সাথে সাথে বৈদ্যনাথতলা আমবাগানে জাতীয় পতাকা উত্তোলন, গার্ড অব অনার গ্রহণ এবং স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করেনে উপদেষ্টা। একই সঙ্গে মুজিবনগর সৃতিসৌধে পতাকা উত্তোলন করেন স্থানীয় প্রশাসন।

এ সময় মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টাকে গার্ড অব অনার প্রদান করেন পুলিশ পরিদর্শক (আর আই) আফজাল হোসেনের নেতৃত্বে পুলিশ, বিজিবি ও আনসার সদস্যের একটি টিম।

পতাকা উত্তোলন শেষে ১৯৭১ সালে অস্থায়ী সরকার গঠনকালে গার্ড অব অনার প্রদানকারী জীবিত ২ আনাসার সদস্য বীর মুক্তিযোদ্ধা আজিমদ্দীন এবং বীর মুক্তিযোদ্ধা সিরাজ উদ্দিন কে সন্মাননা ক্রেষ্ট তুলে দেন মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টার একান্ত সচি তথ্য ও লেঃ কর্নেল(অব:)আব্দুল গাফ্ফার, তথ্য ও জনসংযোগ কর্মকর্ত এনায়েত হোসেন, সহকারী একান্ত সচিব আমিরুল ইসলাম, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়ের সচিব ইসরাত জাহান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক) শওকত হোসেন, মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ ও পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডলসহ প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

পুষ্পার্ঘ অর্পণ শেষে মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টা মুক্তিযুদ্ধের স্মৃতি কমপ্লেক্স এবং আমবাগানের বিভিন্ন স্থান পরিদর্শন করেন।

সংক্ষিপ্ত সফরে মেহেরপুরে মুক্তিযুদ্ধ বিষয়ক উপদেষ্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক ই আজম বীর প্রতীক সংক্ষিপ্ত সফরে মেহেরপুর পৌঁছেছেন।

আজ বুধবার রাতে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক ই আজম বীর প্রতীক মেহেরপুর সার্কিট হাউসে এসে পৌঁছান।

উপদেষ্টা ফারুক ই আজম বীর প্রতীক সার্কিট হাউসে এসে পৌঁছালে মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ তাঁকে স্বাগত জানান। উপদেষ্টা ফারুক ই আজম বীর প্রতীকের সফর সঙ্গি হিসাবে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ইসরাত জাহান চৌধুরীসহ মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাগণ রয়েছেন।

এছাড়াও সার্কিট হাউসে অন্যদের মধ্যে খুলনা বিভাগের অতিরিক্ত কমিশনার মোহাম্মদ হোসাইন শওকত, মেহেরপুরের পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম, অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক ই আজম বীর প্রতীক আগামীকাল বৃহস্পতিবার সকালে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করবেন। এবং জাতীয় পতাকা উত্তোলন শেষে ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করবেন।

ফিলিস্তিনে গণহত্যার প্রতিবাদে মেহেরপুরে বিএনপির গণমিছিল

গাজা ও রাফায় ইসরায়েলি বর্বরোচিত গণহত্যা বন্ধের দাবিতে, নির্যাতিত ফিলিস্তিনিদের প্রতি সংহতি জানিয়ে ও ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপি এক গণমিছিলের আয়োজন করে।

শনিবার বিকেল ৫টার দিকে কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুর শহরের বামুনপাড়া পন্ডের ঘাট এলাকা থেকে মিছিলটি বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি

বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

গণমিছিলে গাজায় ইসরায়েলি গণহত্যার প্রতিবাদে নানা ধরনের স্লোগান দেওয়া হয়।

এ সময় মিছিলে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবু ওবাইদুল্লাহ সেন্টু, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা জাসাসের সভাপতি মাহফুজুর রহমান অশেষ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি,সহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

এর আগে পন্ডের ঘাট এলাকায় মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেন, “ফিলিস্তিনে অবিলম্বে গণহত্যা বন্ধ করতে হবে। জাতিসংঘকে অবশ্যই ইসরায়েলের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে। সারা বিশ্বের মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধ হয়ে ইসরায়েলকে রুখে দাঁড়াতে হবে। ইসরায়েলের পণ্য বর্জন করতে হবে।”

কৃষি ব্যাংকের ডিএমডি হলেন মেহেরপুরের কৃতি সন্তান খালেদুজ্জামান জুয়েল

বাংলাদেশ কৃষি ব্যাংকের মহাব্যস্থাপক থেকে উপ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) পদে পদোন্নতি পেয়েছেন মেহেরপুরের কৃতি সন্তান মোহাঃ খালেদুজ্জামান জুয়েল।

গত ১০ এপ্রিল অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক

প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁকে উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) পদে পদোন্নতি দেওয়া হয়।

মোহাঃ খালেদুজ্জামান বাংলাদেশ ব্যাংক রিক্রুয়েটমেন্ট কমিটি (বিআরসি) কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়ে ২০০১ সালে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন-এ উর্ধ্বতন কর্মকর্তা পদে যোগদান করেন। তিনি হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন-এ দিনাজপুর ও ফরিদপুর রিজিয়নের রিজিওয়ানাল ম্যানেজার এবং ঢাকা ও ময়মনসিংহ বিভাগের জোনাল ম্যানেজার (বিভাগীয় প্রধান) হিসাবে দায়িত্ব পালন করেন। এছাড়াও, সদর দপ্তরের অডিট ও আদায় বিভাগের প্রধানের দায়িত্ব পালন করেন। ২০২১ সাল পর্যন্ত বিভিন্ন পদে হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন-এ নিষ্ঠা ও দক্ষতার সহিত দায়িত্ব পালন করেন।

পরবর্তীতে ২২.০৩.২০২১ তারিখে মহাব্যবস্থাপক হিসাবে পদোন্নতি পেয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক-এ যোগদান করেন। বাংলাদেশ কৃষি ব্যাংকের ফরিদপুর ও ঢাকা বিভাগের মহাব্যবস্থাপক এবং বিকেবি স্টাফ কলেজের অধ্যক্ষ হিসাবে অতিরিক্ত দায়িত্ব পালন করেন।

প্রধান কার্যালয়ে মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) এবং মহাব্যবস্থাপক (প্রশাসন) হিসাবে দায়িত্ব পালন কালীন বাংলাদেশ কৃষি ব্যাংকের অপারেশন ও প্রশাসনের বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

জনাব মোহাঃ খালেদুজ্জামান যথাক্রমে ১৯৮৭ ও ১৯৮৯ সালে গাংনী মাধ্যমিক বিদ্যালয় ও কুষ্টিয়া সরকারী কলেজ হতে বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগ পেয়ে উত্তীর্ণ হন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে মৃত্তিকা বিজ্ঞান বিভাগ হতে ১৯৯২ সালে বিএসসি (সম্মান) ও ১৯৯৩ সালে এমএসসি ডিগ্রি অর্জন করেন। পববর্তীতে তিনি ফিন্যান্স এন্ড ব্যাংকিং এ এমবিএ ডিগ্রি অর্জন করেন।

এছাড়াও, তিনি পেশাগত আন্তর্জাতিক ডিগ্রি Certified Information Systems Auditor (CISA) অর্জন করেন। মোবাইল ব্যাংকিং, ব্যাংকিং সেক্টরে সুসাশন, আর্থিক সেক্টরে ব্যাংকিং বিনিয়োগ, ব্যাংকিং সেক্টরে জাল-জালিয়াতি রোধে ফরেনসিক একাউন্টিং, বাংলাদেশের উদিয়মান অর্থনীতে ব্যাংকিং বিনিয়োগের ভূমিকা ইত্যাদি বিষয়ে তাঁর জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে উল্লেখ যোগ্য সংখ্যক প্রকাশনা রয়েছে। তিনি দেশ-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ ও সেমিনারে অংশগ্রহণ

করেন।

মোহাঃ খালেদুজ্জামান ১৯৭১ সালে মেহেরপুর জেলার গাংনী উপজেলার সাহারবাটী গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি একজন সৎ, নিষ্ঠাবান, দক্ষ, কর্মঠ ও আন্তরিক ব্যক্তিত্ব। তিনি মেহেরপুর জেলার গর্বিত ও কৃতী সন্তান। তিনি পারিবারিক জীবনে দুই সন্তানের জনক।

ফিলিস্তিনে ইসরাইলিদের বর্বর হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

ফিলিস্তিনে ইসরাইলিদের বর্বর হামলার প্রতিবাদে মানববন্ধন ও সেমিনার করেছে বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন, মেহেরপুর জেলা শাখা।

বৃহস্পতিবার দুপুর ১২টায় মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সামনে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। মানববন্ধন শেষে উক্ত প্রতিষ্ঠানের হলরুমে মানবাধিকার বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন সংগঠনের জেলা শাখার সভাপতি সাংবাদিক রফিকুল আলম। এতে উপস্থিত ছিলেন ড. গাজীউর রহমান, মেহেরপুর সই উদ্দিন ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ একরামুল আজীম, জেলা সমাজসেবা অফিসার মোঃ মুনসুর আলী এবং কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সিনিয়র শিক্ষক মাওলানা তালিব উদ্দিন।

মানবাধিকার বিষয়ে শিক্ষামূলক বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশনের পরিচালক এম এ মুহিত। সেমিনারটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক দিলারা জাহান।

মেহেরপুরে কড়া নজরদারিতে এসএসসি ও সমমান পরীক্ষা

মেহেরপুরে সিসি ক্যামেরার আওতায় ১৭টি পরীক্ষা কেন্দ্রে কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে শুরু হয়েছে এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষা। নকলমুক্ত পরিবেশ নিশ্চিত করতে জেলা ও উপজেলা প্রশাসন এবং শিক্ষা বিভাগ সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করেছে।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, চলতি বছর মেহেরপুর জেলায় মোট পরীক্ষার্থী সংখ্যা ৮,৭০২ জন। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলায় ৫টি কেন্দ্রে ৩,২১৭ জন, গাংনী উপজেলায় ১০টি কেন্দ্রে ৪,২৯০ জন এবং মুজিবনগর উপজেলায় ২টি কেন্দ্র ও ১টি উপকেন্দ্রে মোট ৯১২ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছেন।

সবকটি কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে এবং পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিক নজরদারি ও প্রশাসনিক তৎপরতা জোরদার করা হয়েছে।